বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
প্রকল্প পরিচালকের কার্যালয়

"ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প,
চিনি শিল্প ভবন (৯ম তলা), ৩,দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নম্বর ঃ ৩৬.০৪.০০০০.০৫৮.১১.০০৩.১৮. তারিখ ঃ ০৮/০৫/২০১৮খ্রিঃ

Outsourcing পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ও বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপরেশন কর্তৃক বাস্তবায়নাধীন "ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পে নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য সাকূল্য বেতনে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের উদ্দোশ্যে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়স
১।	ড্রাইভার, গ্রেড-১৬	০১ (এক) টি	ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ। বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং ভারী যানবাহন চালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সরকারী প্রকল্পে কাজের অভিজ্ঞতা-কে অগ্রাধিকার প্রদান করা হবে।	১৮-৩৫ বছর।
২।	এমএলএসএস, গ্রেড-২০	০১ (এক) টি	অষ্টম শ্রেণী পাশ। সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। সরকারী প্রকল্পে কাজের অভিজ্ঞতা-কে অগ্রাধিকার প্রদান করা হবে।	১৮-৩৫ বছর।

শর্তাবলী

১। আগ্রহী প্রতিষ্ঠানকে বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর পরিশোধ সংক্রান্ত সনদের কপি, সমপ্রকৃতির কাজে জনবল সরবরাহের পূর্ব অভিজ্ঞতার প্রমাণপত্র, স্বস্ব প্রতিষ্ঠানের প্যাডে সিলগালা অবস্থায় দরপত্র প্রস্তাব প্রকল্প পরিচালক,"ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের কার্যালয়, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপরেশন, চিনি শিল্প ভবন (১০ম তলা), ৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে দাখিল করতে হবে। দরপত্র শিডিউল প্রকল্পের হিসাব শাখা হতে ১০০০/- (এক হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) প্রদানের মাধ্যমে ২৭/০৫/২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত সংগ্রহ করা যাবে। কোন প্রকার অসম্পূর্ণ দরপ্রস্তাব বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট কাগজপত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

২। আগামী ২৮/০৫/২০১৮ তারিখ বেলা ১২.০০ টার মধ্যে প্রকল্প পরিচালক, "ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের কার্যালয়, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপরেশন, চিনি শিল্প ভবন (১০ম তলা) , ৩,দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত দরপত্র বিবেচনা করা হবে না। একই তারিখ বেলা ১২.৩০ টায় দরপত্র দাখিলকারীদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

৩। দরপত্র দাখিলকারীকে দরপত্র জামানত হিসেবে ৪০,০০০/= (চল্লিশ হাজার) টাকার পে-অর্ডার প্রকল্প পরিচালক,"ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের কার্যালয়, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপরেশন, চিনি শিল্প ভবন (১০ম তলা), ৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে দাখিল করতে হবে।

৪। দরপত্র প্রস্তাব বাছাইয়ে যে প্রতিষ্ঠানের প্রস্তাব বিবেচিত হবে শুধুমাত্র সে প্রতিষ্ঠানের প্রার্থীদেরকে ইন্টারভিউ-এর জন্য ডাকা হবে। প্রাথমিকভাবে নির্বাচিত ফার্ম/প্রতিষ্ঠানকে নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীর যাবতীয় কাগজপত্র (১টি পদের বিপরীতে কম পক্ষে ৫ জন প্রার্থী) প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত পত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে প্রকল্প পরিচালক বরাবরে জমা দিতে হবে। ইন্টারভিউ-এর তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। ইন্টারভিউ এ অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। সরকারি প্রতিষ্ঠানে কাজ করেছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

৫। প্রস্তাবিত প্রার্থীদের ছবিসহ নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, বৈবাহিক অবস্থা ইত্যাদি উল্লেখপূর্বক জীবন-বৃত্তান্ত দাখিল করতে হবে।

৬। প্রত্যেক প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব সনদ, চারিত্রিক সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। ড্রাইভারের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। সকল সনদপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০/- (তিন শত পঞ্চাশ) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তিপত্র সম্পন্ন করতে হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

৮। প্রাথমিকভাবে চুক্তির মেয়াদ ১ (এক) বছর হবে, তবে উভয় পক্ষের সম্মতিতে প্রকল্প চলাকালিন সময় পর্যন্ত নবায়নযোগ্য হবে।

৯। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ২ (দুই) মাসের নোটিশে বাতিল করতে পারবে।

১০। সরকারি প্রয়োজনে সংশ্লিষ্ট জনবলকে দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় দায়িত্ব পালন করতে হবে। সরকারি ছুটির দিনেও প্রয়োজনে দায়িত্ব পালন করতে হবে। যে সকল প্রতিষ্ঠান দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় বা সরকারি ছুটির দিন জনবল নিয়োজিত রাখতে অপারগ হবে তাদের প্রস্তাবিত দরপত্র দাখিল করার প্রয়োজন নেই, পরবর্তীতে অপারগতা প্রকাশ করা হলে জনবল সরবরাহের চুক্তি বাতিল করা হবে।

১১। দরপত্র প্রস্তাবে দরপত্রদাতা কর্তৃক তাঁর প্রতিষ্ঠানের মাসিক সার্ভিস চার্জ ও অন্যান্য ব্যয় উল্লেখ করতে হবে।

১২। সরবরাহকৃত জনবলের মধ্যে কারো কাজের মান সন্তোষজনক না হলে অবহিতকরণের ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।

১৩। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা, অবহেলার কারণে অফিসের কোন মূল্যবান জিনিস বা সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়ভার বহন করতে হবে।

১৪। আউসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা ও নির্দেশনা প্রভৃতি অনুসরণযোগ্য হবে।

১৫। দরপত্রের বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউলে উল্লেখ রয়েছে।

১৬। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

(প্রকৌ. এস, এম্ আবদুর রশীদ)
প্রকল্প পরিচালক